# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮১৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

## আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَيَأْتِيَنَّ عَلَى النَّاسِ زَمَانٌ لَا يَبْقَى أَحَدٌ إِلَّا أَكَلَ الرِّبَا فَإِنْ لَمْ يَأْكُلْهُ أَصَابَهُ مِنْ بُخَارِهِ» . وَيُرْوَى مِنْ «غُبَارِهِ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ

## বাংলা

২৮১৮-[১২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ লোকেদের মধ্যে এমন যুগ আসবে যখন একজন মানুষও সুদের ব্যবহার থেকে মুক্ত হতে পারবে না। সে প্রত্যক্ষভাবে সুদ না খেলেও সুদের ধোয়া বা ধূলা তাকে সংস্পর্শ করবে। (আহমাদ, আবূ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাউদ ৩৩৩১, নাসায়ী ৪৪৬০, ইবনু মাজাহ ২২৭৮, আহমাদ ১১০৪১৫, য‘ঈফ আল জামি‘ ৪৮৬৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِنْ لَمْ يَأْكُلْهُ أَصَابَه مِنْ بُخَارِه) ‘‘সে যদি সুদ নাও খায় তবুও তার গায়ে এর তাপ লাগবে’’ অর্থাৎ সুদ এত ব্যাপকতা লাভ করবে যে, তা থেকে কেউ রেহাই পাবে না। কেউ যদি সরাসরি সুদ খাওয়া থেকে বিরতও থাকে তবুও তার ওপর সুদের প্রভাব পড়বেই। যেমন- কেউ হয়ত সুদ খায় না কিন্তু তার কোনো আত্মীয় সুদ খায় এবং আত্মীয়তার খাতিরে তার বাড়ীতে দা‘ওয়াত খেতে হয়। অথবা কেউ তার নিকট উপঢৌকন পাঠালো কিন্তু তা সুদের টাকায় কেনা হয়েছে। আর সে ঐ উপঢৌকন গ্রহণ করতে বাধ্য হচ্ছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68145

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন